

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নং . ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৮.১৫-১৩৯

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

প্রেরক: মোহাম্মদ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান


প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প” শীর্ষক প্রকল্প (কোড নং ৫০৩২) বাস্তবায়নের জন্য অগ্রিম উত্তোলন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “উচ্চ মাধ্যমিক উপবৃত্তি” শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং ৫০৩২) অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থবছরের আর.এ.ডি.পি. বরাদ্দ থেকে রাজস্ব খাতে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত ১৫৭০০.০০ লক্ষ টাকা হতে উপবৃত্তি, টিউশন ফি, বই ক্রয় ও ফরম পূরণে সহায়তা প্রদানের লক্ষ্যে “৫-২৫৩১-৫০৩২-৫৯৬৩-উপবৃত্তি/স্কলারশীপ” খাতে প্রস্তাবিত ৪৪৫০.০০ লক্ষ (চুয়াল্লিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের প্রস্তাবে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সুপারিশ এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ক. এই ব্যয় ২০১৬-২০১৭ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং ২১, শিক্ষা মন্ত্রণালয় হিসাবের খাত ২৫/২৫৩১/৫০৩২ শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় “উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প” শীর্ষক প্রকল্পের উপবৃত্তি/স্কলারশীপ (কোড নং ৫৯৬৩) খাত হতে বহন করা হবে;
- খ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. অব্যয়িত/অসম্বিত অর্থ (যদি থাকে) পরবর্তী উত্তোলনের প্রস্তাব প্রেরণের পূর্বে অথবা আগামী ৩০শে জুন ২০১৭ তারিখের মধ্যে (যা আগে আসে) বিল/ভাউচারের মাধ্যমে অবশ্যই সম্বয় করতে হবে ;
- ঘ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ৩। অর্থ বিভাগের ১৩/০৬/২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০২৭.২০১৪-৩৭১ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এই আদেশ জারি করা হলো।


১৪ জুন ২০১৭
(মোহাম্মদ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬১৪

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।